

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৩০২

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৫. তাশাহ্হুদের বর্ণনা এবং তা পড়া ওয়াজিব এবং এ সম্পর্কে বিভিন্ন রিওয়ায়াত

بَابُ صِفَةِ التَّشَهُّدِ وَقُجُوبِهِ وَاخْتِلَافِ الرِّوَايَاتِ فِيهِ

আরবী

ثَنَا عَبْدُ اللّهِ بْنُ سُلَيْمَانَ بْنِ الْأَشْعَثِ ، ثَنَا مُحَمَّدُ بْنُ وَزِيرٍ الدِّمَشْقِيُّ ، ثَنَا الْوَلِيدُ بْنُ مَسْلِمٍ أَخْبَرَنِي ابْنُ لَهِيعَةَ أَخْبَرَنِي جَعْفَرُ بْنُ رَبِيعَةَ عَنْ يَعْقُوبَ بْنِ الْأَشَجِّ أَنَّ عَوْنَ بْنَ عَبْدِ مُسْلِمٍ أَخْبَرَنِي ابْنُ لَهِيعَةَ أَخْبَرَنِي جَعْفَرُ بْنُ رَبِيعَةَ عَنْ يَعْقُوبَ بْنِ الْأَشَجِّ أَنَّ عَوْنَ بْنَ عَبْدِ اللّهِ بْنِ عُتْبَةَ كَتَبَ لِي فِي التَّشَهُّدِ عَنِ ابْنِ عَبَّاسٍ ، وَأَخَذَ بِيَدِي فَزَعَمَ أَنَّ عُمْرَ بْنَ الْخَطَّابِ أَخَذَ بِيَدِهِ فَزَعَمَ لَهُ أَنَّ رَسُولَ اللّهِ _ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ أَخَذَ بِيَدِهِ فَعَلَّمَهُ الشَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ أَخَذَ بِيَدِهِ فَعَلَّمَهُ التَّشَهُدُ " التَّحِيَّاتُ لِلّهِ الصَلَواتُ الطَّيِبَاتُ الْمُبَارَكَاتُ لِلّهِ " . هَذَا إِسْنَادٌ حَسَنُ. وَابْنُ لَهِيعَةَ لَيْسَ بِالْقَوِيِ

বাংলা

১৩০২(৮). আবদুল্লাহ ইবনে সুলায়মান ইবনুল আশআছ (রহঃ) ... ইয়াকূব ইবনুল আশাজ্জ (রহঃ) থেকে বর্ণিত। আওন ইবনে আবদুল্লাহ ইবনে উতবা (রহঃ) ইবনে আব্বাস (রাঃ) সূত্রে আমার বর্ণিত তাশাহহুদ সম্পর্কে (জানতে চেয়ে) আমাকে চিঠি লিখেন। ইবনে আব্বাস (রাঃ) আমার হাত ধরলেন। তিনি মনে করেন, উমার ইবনুল খাত্তাব (রাঃ) তার হাত ধরেছিলেন এবং উমার (রাঃ) মনে করেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার হাত ধরে তাকে তাশাহহুদ শিক্ষা দিয়েছেনঃ "আত্তাহিয়্যাতু লিল্লাহি ওয়াস-সালাওয়াতুত-তয়্যিবাতুল মুবারাকাতু লিল্লাহি...। এই সনদসূত্র হাসান (উত্তম)। ইবনে লাহীআ হাদীসশাস্ত্রে শক্তিশালী নন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ ইয়াকৃব ইবনুল আশাজ্জ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন